গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৫) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
তারিখ : ২২-০৪-২০২৫ খ্রি.
সময় : দুপুর ০১.০০ – বিকাল ৫:০০ টা
স্থান : মাল্টি পারপাস হল (৯ম তলা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট – ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তাঁর অনুমতিক্রমে প্রকল্প সমন্বয়ক প্রকল্পের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি ও পরবর্তী কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহবান জানান। উপস্থাপনা শেষে প্রকল্পের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের উপর সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা | ক) ইতোমধ্যে প্রকল্প এলাকার ১৯টি উপজেলায় কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপন সম্পন্ন হয়েছে। তবে মাঠপর্যায়ের প্রতিবেদন পর্যালোচনায় দেখা গেছে, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগের অভাব এবং বিদ্যুৎ সংযোগ পুনর্বহাল হলে কিয়স্ক অ্যাপ্লিকেশন স্বয়ংক্রিয়ভাবে সক্রিয় না হওয়ার কারণে কতিপয় উপজেলায় ডিজিটাল ডিসপ্লে বোর্ড প্রায়শই নিষ্ক্রিয় থাকে। | ক) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিতে বিকল্প ব্যবস্থা গ্রহণ এবং কিয়স্ক অ্যাপ্লিকেশন স্বয়ংক্রিয়ভাবে চালু করার বিষয়ে উপযুক্ত প্রস্তাবনা প্রস্তুতপূর্বক প্রতিবেদন আগামী ৪ মে ২০২৫ এর মধ্যে প্রদান করতে হবে। | কান্ট্রি লীড, রাইমস ও আইসিটি স্পেশালিস্ট |
| | | খ) কেন্দ্রীয়ভাবে মনিটরিংয়ের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও সচিব, প্রকল্পের তিনটি জেলার জেলা প্রশাসকবৃন্দ এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালক (এমআইএম) মহোদয়ের কার্যালয়ে/ইওসি-তে কিয়স্ক ড্যাশবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | খ) কেন্দ্রীয়ভাবে সকল ড্যাশবোর্ডের কার্যক্রম সার্বক্ষণিক পর্যবেক্ষণের জন্য গুরুত্বপূর্ণ প্রশাসনিক কর্মকর্তাদের কার্যালয়ে পর্যবেক্ষণ মনিটর স্থাপনের বিষয়ে বিদ্যমান কারিগরি ও আর্থিক চ্যালেঞ্জ এবং বাজেট সংস্থান যাচাইপূর্ব একটি প্রস্তাবনা প্রস্তুত করতে হবে। | টিম লীডার ও আইসিটি স্পেশালিস্ট |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | গ) এছাড়া, মাঠপর্যায় হতে সপ্তাহে অন্তত একবার সক্রিয় ও নিষ্ক্রিয় কিয়স্কসমুহের তথ্য সংগ্রহ এবং প্রতিটি কিয়স্কে উদ্ভূত সমস্যাসমূহ নিয়মিতভাবে চিহ্নিতকরণ ও প্রতিবেদন আকারে উপস্থাপনের জন্য ফিল্ড ফ্যাসিলিটেটরদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | গ) ফিল্ড ফ্যাসিলিটেটরগণ সপ্তাহে একবার সক্রিয় ও নিষ্ক্রিয় ড্যাশবোর্ডের তালিকা প্রেরণ করবেন ও এসংক্রান্ত যেকোনো কারিগরি বা যান্ত্রিক ত্রুটির বিষয়ে আইসিটি স্পেশালিস্টকে অবহিত করবেন এবং তিনি তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করবেন ও প্রতিবেদন আকারে উপস্থাপন করবেন। | প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিস্ট |
| | | ঘ) প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ড্যাশবোর্ডগুলোকে সচল ও পর্যবেক্ষণের আওতায় রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | ঘ) সংশ্লিষ্ট পিআইও ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উপজেলা পর্যায়ের কার্যালয়গুলো প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ড্যাশবোর্ডগুলোর প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করবে। এ বিষয়ে একটি এক্সিট প্ল্যান তৈরি করতে হবে। | টিম লীডার, আইসিটি স্পেশালিস্ট ও উপ-প্রকল্প সমন্বয়ক |
| ০৩। | স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম | ইতোমধ্যে গাইবান্ধা জেলার ১টি ও কুড়িগ্রাম জেলার ৪টি উপজেলার স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১৪টি উপজেলায় প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | মে মাসের মধ্যে সকল উপজেলার অবশিষ্ট স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে, যাতে এই বন্যা মৌসুম থেকেই স্বেচ্ছাসেবকগণ বন্যার আগাম সতর্কবার্তা জনগণের নিকট পৌছাতে কাজ করতে পারেন। | রিজিওনাল কো-অর্ডিনেটর ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০৪। | নতুন জনবল নিয়োগের প্রস্তাবনা | কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর জেলায় একজন করে প্রশিক্ষণ সহযোগী (Training Associate) এবং ঢাকায় একজন প্রশিক্ষণ সমন্বয়ক (Training Coordinator) নিয়োগের জন্য প্রস্তাবনা প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | তিন জেলায় প্রশিক্ষণ সহযোগী ও ঢাকায় প্রশিক্ষণ সমন্বয়ক নিয়োগের জন্য এলজিইডিতে একটি প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং অ্যাডমিন ও ফিন্যান্স অফিসার |
| ০৫। | ত্রৈমাসিক সভা আয়োজন | ত্রৈমাসিক সভায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধি সশরীরে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়। | প্রতি ত্রৈমাসিক সভায় বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র/ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধির সশরীর উপস্থিতি নিশ্চিত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৬। | সার্ভার ক্রয় | সার্ভার ও অন্যান্য আইসিটি ইক্যুইপমেন্ট ক্রয়ের জন্য টেন্ডার প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | সার্ভার ও অন্যান্য আইসিটি ইক্যুইপমেন্ট ক্রয়ের প্রক্রিয়া দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য ৩০ মে'র মধ্যে টেন্ডার প্রকাশ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭। | ভয়েস মেসেজ পোর্টাল তৈরির বিল পরিশোধ | ভয়েস মেসেজ পোর্টাল তৈরির জন্য রাইমসের বিল পরিশোধের বিষয়ে আলোচনা হয়। | বিলের জন্য প্রয়োজনীয় কার্য সম্পাদন ও নথিপত্র দ্রুত প্রস্তুত করে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। | অ্যাডমিন ও ফিন্যান্স অফিসার ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৮। | টপোগ্রাফি সার্ভে প্রতিবেদন চূড়ান্তকরণ | টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির সদস্যদের কোনো মন্তব্য প্রতিবেদনে প্রতিফলিত না হয়ে থাকলে সদস্যদের সাথে যোগাযোগের ভিত্তিতে তা সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যপরিধি বিবেচনায় টেকনিক্যাল অ্যাডভাইজরি কমিটির সদস্যদের সাথে আলোচনার ভিত্তিতে প্রাসঙ্গিক মন্তব্যগুলোর প্রতিফলন ঘটিয়ে টপোগ্রাফি সার্ভে প্রতিবেদনটি চূড়ান্ত করতে হবে। | টিম লিডার ও জিআইএস স্পেশালিস্ট |
| ০৯। | বন্যার পূর্বাভাস ও সতর্কতা বিষয়ক তথ্য ও কারিগরি সহায়তা প্রাপ্তি | প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর রাইমস থেকে বন্যার পূর্বাভাস ও সতর্কতা বিষয়ক কারিগরি সহায়তা প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। | ক) প্রকল্পের মেয়াদ শেষে এ সংক্রান্ত কারিগরি সহায়তার জন্য রাইমসের সাথে নতুন চুক্তি তৈরির বিষয়টি বিবেচনা করতে হবে।<br><br>খ) সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য যেসব প্রতিষ্ঠান প্রকল্প এলাকায় কাজ করছে তাদের সাথে সমন্বয় সাধন করতে হবে (যেমন- WFP কুড়িগ্রামে Anticipatory Action নিয়ে কাজ করছে)। | টিম লিডার ও উপ-প্রকল্প সমন্বয়ক (GIS) |
| ১০। | বিবিধ | সভার কার্যবিবরণী প্রস্তুতসহ অন্যান্য প্রশাসনিক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) আসন্ন বন্যা মৌসুমকে সামনে রেখে প্রধান কার্যালয় ও মাঠ-পর্যায়ের সমন্বয় বৃদ্ধি করতে হবে।<br><br>খ) যেকোনো সভার কার্যবিবরণী ৩ কর্মদিবসের মধ্যে প্রস্তুত করতে হবে।<br><br>গ) সকল সভার নোটিশ মহাপরিচালক, প্রকল্প সমন্বয়ক ও সহকারী প্রকল্প সমন্বয়কের অফিসে প্রেরণ করতে হবে। | টিম লিডার, প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20-05-25

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৮৮১৫৪৯৫
Email: dg@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৭৫৪

তারিখ: ২০-০৫-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৩। নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

০৪। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS/RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৬। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৫। অফিস কপি/গার্ড ফাইল।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)